**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/13/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# আরো বেশি নিউ ইয়র্কবাসীকে ক্যারিয়ারের সাথে সংযুক্ত করতে ভার্চুয়াল ক্যারিয়ার সেন্টার সম্প্রসারণ করা সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

***নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের এই বিনামূল্যের, সর্বাধুনিক সংস্থান চাকরি প্রার্থীদেরকে 250,000 এরও বেশি চাকরির সঙ্গে সংযুক্ত করবে***

***প্রক্রিয়াসমূহ সহজতর করা এবং গ্রাহক অভিজ্ঞতা উন্নত করার জন্য বিভাগটির চার বছরমেয়াদী আধুনিকায়ন পরিকল্পনার সঙ্গে যোগ হচ্ছে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ (Department of Labor) নিউ ইয়র্কবাসীদেরকে তাদের ক্যারিয়ার অনুসন্ধান ত্বরান্বিত করতে সাহায্য করার জন্য এটির ভার্চুয়াল ক্যারিয়ার সেন্টার (Virtual Career Center) সম্প্রসারণ করেছে, যেটি একটি সর্বাধুনিক অনলাইন প্ল্যাটফর্ম। ভার্চুয়াল ক্যারিয়ার সেন্টার কোনো চাকরি প্রার্থীর দক্ষতা ও অভিজ্ঞতার সঙ্গে চাকরির সুযোগের মিল করিয়ে দেওয়ার জন্য শক্তিশালী কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে। বিনামূল্যের এই প্ল্যাটফর্ম প্রত্যেক গ্রাহকের ব্যক্তিগত চাহিদা অনুযায়ী অভিজ্ঞতাকে তুলে ধরে এবং ব্যবহারকারীদেরকে কয়েক সেকেন্ডের মধ্যে 250,000-এরও বেশি চাকরির পোস্ট ব্রাউজ করতে, নিজেদের জীবনবৃত্তান্ত আপলোড করতে, এবং নিজেদের ক্যারিয়ারকে পরবর্তী পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য চাকরির প্রশিক্ষণ সংক্রান্ত সুযোগ-সুবিধা অন্বেষণের সুযোগ করে দেয়।

"নিউ ইয়র্ক কর্মহীনতা কমিয়ে আনা, মানসম্মত, উচ্চ বেতনের কর্মসংস্থান তৈরি করা, এবং পুরো স্টেটজুড়ে চাকরি প্রার্থীদের ফলপ্রসূ কর্মসংস্থানের সুযোগের সঙ্গে সংযুক্ত করিয়ে দেওয়ার ক্ষেত্রে অসাধারণ অগ্রগতি অর্জন করেছে," **বলেছেন গভর্নর হোকল।** "ভার্চুয়াল ক্যারিয়ার সেন্টারের এই সম্প্রসারণের মধ্য দিয়ে আমরা নিউ ইয়র্কবাসীদেরকে সম্পূর্ণ বিনামূল্যে একটি বিশ্বমানের চাকরি খোঁজার সরঞ্জাম প্রদান করতে সবচেয়ে সেরা প্রযুক্তি কাজে লাগাচ্ছি। আমি সব নিউ ইয়র্কবাসীকে এই সংস্থানের সুযোগ গ্রহণ করতে এবং আরো তথ্য জানতে শ্রম বিভাগের ওয়েবসাইটে ভিজিট করতে উৎসাহিত করছি।"

ইতোপূর্বে, শুধু কর্মহীন চাকরি প্রার্থীরা একটি পাইলট কর্মসূচির মাধ্যমে এই সংস্থান অ্যাক্সেস করতে পারতেন। গভর্নর হোকল এখন এটিকে সম্প্রসারণ করেছেন যাতে সব নিউ ইয়র্কবাসী

ny.gov অ্যাকাউন্ট তৈরি করে বা অ্যাকাউন্টে সাইন-ইন করে ভার্চুয়াল ক্যারিয়ার সেন্টার অ্যাক্সেস করতে পারেন।

**শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন,** "প্রযুক্তি আমাদেরকে মহামারী চলাকালীন সময়ে গ্রাহকদের সেবা প্রদান করা চালিয়ে যাওয়ার সক্ষমতা দিয়েছে, এবং শ্রম বিভাগ নিউ ইয়র্কবাসীদেরকে তাদের ক্যারিয়ারের লক্ষ্য অর্জনে সাহায্য করতে সর্বসাম্প্রতিক অগ্রগতি কাজে লাগানো অব্যাহত রাখবে। এই ভার্চুয়াল ক্যারিয়ার সেন্টার নিউ ইয়র্কবাসীদেরকে তাদের ক্যারিয়ারের স্বপ্ন বাস্তবে রূপ দেওয়ার ব্যাপারে সাহায্য করার জন্য আমাদের অফার করা বিনামূল্যের, অনলাইন সংস্থানসমূহের মধ্যে মাত্র একটি।"

এই ভার্চুয়াল ক্যারিয়ার সেন্টার নিউ ইয়র্কবাসীদেরকে নিউ ইয়র্ক স্টেটজুড়ে লভ্য 250,000 কর্মসংস্থানের সুযোগের সাথে সংযুক্ত করার জন্য NYSDOL-এর চলমান প্রচেষ্টার ক্ষেত্রে সর্বশেষ উন্নয়ন। চাকরি প্রার্থীদেরকে স্টেটজুড়ে লভ্য কর্মসংস্থানগুলো ব্রাউজ করার জন্য নিউ ইয়র্ক স্টেট জব ব্যাংক (New York State Job Bank), খণ্ডকালীন নিয়োগের সুযোগ প্রদানকারী জব ব্যাংক (Part-Time Hiring Opportunities Job Bank), এবং NY মৌসুমি কর্মসংস্থান (NY Seasonal Jobs) চেক করার জন্য উৎসাহিত করা হচ্ছে। এছাড়াও নিউ ইয়র্কবাসীরা ভার্চুয়াল কর্মশালা এবং ভার্চুয়াল ক্যারিয়ার মেলার জন্য সাইন আপ করার জন্য আমাদের ক্যারিয়ার সেন্টারের ইভেন্ট এবং নিয়োগের ক্যালেন্ডার চেক করতে পারেন। এছাড়াও জব জোন (JobZone) নিউ ইয়র্কবাসীদেরকে তাদের ভবিষ্যত পরিকল্পনা সাজানো, গোছানোভাবে চাকরি খোঁজা, জীবনবৃত্তান্ত তৈরি, ও ক্যারিয়ার অন্বেষণে সাহায্য করার জন্য টুলস প্রদান করে থাকে। এছাড়াও বেকার এবং যোগ্যতার চেয়ে নিম্নমানের কর্মসংস্থানে থাকা নিউ ইয়র্কবাসীরা কোর্সেরা (Coursera)-এর মাধ্যমে বিনামূল্যে অনলাইন ক্লাসে ভর্তি হওয়ার মাধ্যমে উচ্চ চাহিদাসম্পন্ন ক্যারিয়ারের জন্য প্রাসঙ্গিক নতুন দক্ষতাসমূহ শিখতে পারেন।

প্রতি সপ্তাহে বেকারত্ব সংক্রান্ত বিমা সুবিধা পাওয়ার জন্য আবেদনকারীদের সবাইকে স্বয়ংক্রিয়ভাবে ভার্চুয়াল ক্যারিয়ার সেন্টারে যোগ করা হয় এবং আমন্ত্রণ জানানো হয় যাতে তাদের অভিজ্ঞতা, জ্ঞান ও দক্ষতার সাথে মেলে এমন কর্মসংস্থান খুঁজে নেওয়ার জন্য এই নতুন টুল ব্যবহার করতে তাদের সাহায্য করা যায়।

**এইটফোল্ড AI (Eightfold AI)-এর প্রেসিডেন্ট কামাল আহলুওয়ালিয়া বলেন,** "নিউ ইয়র্ক স্টেট তার নাগরিকদেরকে সরাসরি নিয়োগকারীদের সঙ্গে যুক্ত হতে এবং নিজেদের দক্ষতা উন্নয়ন করতে সাহায্য করার জন্য বিশ্বের সবচেয়ে শক্তিশালী ট্যালেন্ট ইন্টেলিজেন্স প্ল্যাটফর্ম ব্যবহার করছে। একসঙ্গে মিলে আমরা ভার্চুয়াল ক্যারিয়ার সেন্টার তৈরি করেছি, যা প্রত্যেক নিউ ইয়র্কবাসীকে পরিবার চালানোর উপযোগী, অর্থনৈতিক সমৃদ্ধি নিয়ে আসা কর্মসংস্থান পাওয়ার সুযোগ প্রদান করছে।"

**SUNY-এর অন্তর্বর্তীকালীন চ্যান্সেলর ডেবোরা এফ. স্ট্যানলি বলেন,** "গভর্নর হোকলের নেতৃত্বে আমাদের স্টেট নিউ ইয়র্কবাসীদেরকে কর্মসংস্থানের সাথে যুক্ত করার জন্য একটি শক্তিশালী পাইপলাইন তৈরি করছে। উচ্চতর শিক্ষার জন্য এই বছরের ঐতিহাসিক বিনিয়োগ দক্ষতা গড়ে তুলবে এবং অভিজ্ঞতা প্রদান করবে এমন একাডেমিক প্রোগ্রাম ও

ক্রেডেনশিয়ালগুলো সম্প্রসারণ করবে, এবং আজ ভার্চুয়াল ক্যারিয়ার সেন্টার সম্প্রসারণের মধ্য দিয়ে, SUNY শিক্ষার্থীরা তাদের যোগ্যতা কিভাবে ক্যারিয়ারের সুযোগে পরিবর্তিত হচ্ছে তা দ্রুত দেখতে পাবে। নিউ ইয়র্কের শ্রম বিভাগ অন্যান্য বিষয়ের পাশাপাশি, বিশেষ করে কর্মীদের উন্নয়নের ক্ষেত্রে SUNY-এর একটি গুরুত্বপূর্ণ অংশীদার, এবং শিক্ষার্থীদের কর্মসংস্থানের জগতে প্রবেশ করতে সাহায্য করার জন্য তাদের চলমান প্রচেষ্টাকে আমরা সাধুবাদ জানাই।"

**রাজধানী অঞ্চলের কর্মী উন্নয়ন বোর্ড (Capital Region Workforce Development Board)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর ব্রায়ান উইলিয়ামস বলেন,** "মহামারী শুরু হওয়ার পর থেকে, স্থানীয় কর্মী উন্নয়ন ব্যবস্থা দেখিয়ে দিয়েছে যে দূর থেকে পরিষেবা প্রদান করার সক্ষমতা ক্যারিয়ার সংক্রান্ত নির্দেশনা পাওয়ার এবং দক্ষতা অর্জনের প্রয়োজন রয়েছে এমন ব্যক্তিদেরকে ব্যবসা প্রতিষ্ঠানগুলোর কাঙ্ক্ষিত প্রশিক্ষণ গ্রহণের আরো বেশি অ্যাক্সেস পাওয়ার সুযোগ করে দিয়েছে। লোকজনকে কর্মী উন্নয়ন ও দক্ষতা বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ পরিষেবার সাথে সংযুক্ত করার জন্য ভার্চুয়াল ক্যারিয়ার সেন্টারের মতো প্রযুক্তি ব্যবহার করার ফলে চমৎকার সব পরিবার চালানোর উপযোগী ক্যারিয়ার গঠনের একটি সমন্বিত ও অ্যাক্সেসযোগ্য পথ এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য মেধাবীদের একটি পাইপলাইন তৈরি হবে।"

**ওয়েস্টচেস্টার-পাটনাম কর্মী উন্নয়ন বোর্ড (Westchester-Putnam Workforce Development Board)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর থম ক্লেইনার বলেন,** "স্টেটজুড়ে কর্মী উন্নয়ন বোর্ডের পরিচালকরা এই অসাধারণ নতুন সংস্থানটি চালু হওয়ার জন্য আগ্রহ নিয়ে অপেক্ষায় ছিলেন যেটি আমরা আমাদের চাকরি প্রার্থী ও নিয়োগকারীদের সাথে শেয়ার করতে পারবো।"

NYSDOL নিউ ইয়র্কবাসীদেরকে আরো ভালোভাবে সহায়তা করার জন্য প্রযুক্তিকে কাজে লাগানোর নতুন উপায়সমূহ অন্বেষণ করা অব্যাহত রেখেছে। জুন মাসে, গভর্নর হোকল ঘোষণা করেছিলেন যে বিভাগটি এর 4-বছর মেয়াদী কৌশলগত আধুনিকায়ন পরিকল্পনার অর্ধেকপথ অতিক্রম করেছে, যেটি একটি চলমান প্রচেষ্টা যা কল ভলিউম কমিয়ে আনবে, গ্রাহকদের অভিজ্ঞতা সমৃদ্ধ করবে, এবং নিউ ইয়র্কবাসীদেরকে UI বেনিফিটের সঙ্গে দ্রুত সংযুক্ত করবে। এছাড়াও NYSDOL বর্তমানে কর্মস্থলে মহিলাদের উপর কোভিড-19 মহামারীর প্রভাব বিশ্লেষণ করছে, যেখানে একাধিক স্তরে লিঙ্গ-ভিত্তিক মজুরি ব্যবধানের বিষয়ে বিশেষভাবে মনোযোগ দেওয়া হচ্ছে। এই রিপোর্টে মহিলাদের ক্ষমতায়নের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটের বৈচিত্র্যপূর্ণ ও শক্তিশালী অর্থনীতিকে এগিয়ে নেওয়ার জন্য পরামর্শসমূহ তুলে ধরা হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418